## অনুমোদনের অপেক্ষাধীন ৩১টি প্রকল্পের তালিকা

১. কুমিল্লা কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (৫৯১.৪১ কোটি টাকা)

২. ১১টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (৫৩১.২৬ কোটি টাকা)

৩. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের ২৬টি দপ্তর/আবাসিক ভবন নির্মাণ (৬১৫.২১ কোটি টাকা)

৪. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্সকে একাডেমীতে রূপান্তর ও ট্রেনিং সাপোর্ট ফায়ার স্টেশন তৈরীসহ নতুন স্থানে স্থানান্তর (১৯০.৮৫ কোটি টাকা)

৫. দেশের দক্ষিণ অঞ্চলে (ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগে) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৮০টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ (১৯৬৪.২০ কোটি টাকা)

৬. দেশের উত্তর অঞ্চলে (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগে) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৩২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ (৭৯৪.৮১ কোটি টাকা)

৭. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরী ইউনিট সম্প্রসারণ (১৬৯.৩৮ কোটি টাকা)

৮. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১০টি বিশেষায়িত অগ্নি নির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন (১২১২.৪৫ কোটি টাকা)

৯. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ওয়ারলেস ও টেলিকমিউনিকেশন ব্যবস্থা আধুনিকায়ন ও সম্প্রসারণ (৫৯৩.২২ কোটি টাকা)

১০. স্ট্রেংদেনিং এবেলিটি অব ফায়ার ইর্মাজেন্সি রেসপন্স (সেফার) (৮০.৬২ কোটি টাকা)

১১. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সক্ষমতা বৃদ্ধিকরণ (ফেইজ-২) (২৫০০.০০ কোটি টাকা)

১২. বিভাগীয় শহরে কারা উপ-মহাপরিদর্শকের অফিস ভবন ও স্টাফ কোয়ার্টার নির্মাণ (৮৮.৩২ কোটি টাকা)

১৩. কারা নিরাপত্তা আধুনিকায়ন (রাজশাহী, রংপুর, বরিশাল, খুলনা, সিলেট ও ময়মনসিংহ বিভাগ) (১৫০.০০ কোটি টাকা)

১৪. বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ, কেরাণীগঞ্জ (৫৬৮.৩৮ কোটি টাকা)

১৫. জামালপুর জেলা কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (১৭৭.০৪ কোটি টাকা)

১৬. নরসিংদী জেলা কারাগার নির্মাণ (২৭৮.১৫ কোটি টাকা)

১৭. ঠাকুরগাঁও জেলা কারাগার নির্মাণ (১৪৪.৪৪ কোটি টাকা)

১৮. বৃহত্তর নোয়াখালী (ফেনী, নোয়াখালী ও লক্ষীপুর) জেলার ৩টি কারাগারের সম্প্রসারণ ও আধুনিকীকরণ (১৮০.০০ কোটি টাকা)

১৯. রাজশাহী কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (৩০০.০০ কোটি টাকা)

২০. যশোর কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (৩০০.০০ কোটি টাকা)

২১. রংপুর কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (৩০০.০০ কোটি টাকা)

২২. খাগড়াছড়ি ও রাঙ্গামাটি জেলা কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (৩০০.০০ কোটি টাকা)

২৩. কারা বিভাগের সেবা ও সক্ষমতা বৃদ্ধি (২০০.০০ কোটি টাকা)

২৪. কেন্দ্রীয় কারা হাসপাতাল ও মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ, কেরাণীগঞ্জ (২৭৮.৬৬ কোটি টাকা)

২৫. ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয় নির্মাণ (৪৭.০০ কোটি টাকা)

২৬. ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের জন্য প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ (১৩৩.৫৪ কোটি টাকা)

২৭. বিভাগীয় শহরে (রংপুর, খুলনা ও ময়মনসিংহ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আঞ্চলিক অফিস ভবন নির্মাণ প্রকল্প (১৭.২৪ কোটি টাকা)

২৮. দেশের ৪১টি জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় নির্মাণ (৫৩১.৬৬ কোটি টাকা)

২৯. ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৩ তলা বিভাগীয় অফিসের উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে রাসায়নিক পরীক্ষাগার নির্মাণ (৩৩.৬১ কোটি টাকা)

৩০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ (১৫০.৯৬ কোটি টাকা)

৩১. ৭ (সাত)টি বিভাগীয় শহরে ২০০ শয্যা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ (৪৪৬.৫১ কোটি টাকা)

## সুরক্ষা সেবা বিভাগ গঠিত হওয়ার (১৯.০১.২০১৭) পর সমাপ্ত প্রকল্পের তালিকা

১. স্টাবলিশমেন্ট অব বার্ন ইউনিট হসপিটাল এ্যাট ডিপার্টমেন্ট অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স

২. ঘূর্ণিঝড় এ ক্ষতিগ্রস্ত বরগুনা, পটুয়াখালী, ঝালকাঠী ও বরিশাল জেলা কারাগার পুনঃনির্মাণ

৩. বিভাগীয় শহরে (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, ও সিলেট) ডিএনসি অফিসের অফিস ভবন নির্মাণ

৪. ১৯টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ

৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ

৬. দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত ৮২টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন

৭. ৩টি জেলা কারাগারের অবকাঠামো নির্মাণ এবং ২টি জেলা কারাগারের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ

৮. সিলেট কেন্দ্রীয় কারাগার নির্মাণ

৯. ইন্ট্রোডাকশন অব মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এন্ড মেশিন রিডেবল ভিসা (এমআরভি) ইন বাংলাদেশ

১০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কর্যালয়ের জন্য বহুতল ভবন নির্মাণ

## ই-সার্ভিস

- সুরক্ষা সেবা বিভাগের দাপ্তরিক কার্যক্রম অনলাইনে ই-ফাইলের মাধ্যমে সম্পাদিত হচ্ছে। এটুআই কর্তৃক প্রকাশিত সর্বশেষ র‍্যাংকিং অনুসারে মধ্যম ক্যাটাগরির মন্ত্রণালয়/বিভাগের মধ্যে সুরক্ষা সেবা বিভাগের অবস্থান ৩য়।
- সুরক্ষা সেবা বিভাগের সকল সেবা ২০২১ সালের মধ্যে ডিজিটাল সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে এটুআইয়ের কারিগরি সহায়তায় ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ, ২০২১ প্রস্তুত করা হয়েছে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ**

৪র্থ জাতীয়

# উন্নয়ন মেলা

অক্টোবর ২০১৮




## সুরক্ষা সেবা বিভাগ

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

ফোন : ০২-৯৫১১০৮৮, ফ্যাক্স: ০২-৯৫৭৪৪৯৯

www.ssd.gov.bd ssd.moha.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ১৯ জানুয়ারি ২০১৭ তারিখে এ মন্ত্রণালয়কে জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ নামে দু'টি বিভাগে ভাগ করা হয়। সুরক্ষা সেবা বিভাগের অধীনে রয়েছে ৪টি অধিদপ্তর : (১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (২) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (৩) কারা অধিদপ্তর এবং (৪) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর।

**ভিশন :** নাগরিক সুরক্ষা নিশ্চিত করা।

**মিশন :** প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দুর্যোগ মোকাবেলা, মাদক নিয়ন্ত্রণ, সুষ্ঠু কারা ব্যবস্থাপনা এবং বিদেশ গমনাগমন টেকসই ও সময়োপযোগী করার মাধ্যমে নাগরিক সুরক্ষা, নাগরিক সেবা ও নাগরিক মর্যাদা বৃদ্ধি করা।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে অর্জিত নম্বর ৯৬.৪% এবং ২০১৭-২০১৮ অর্থবছরের চুক্তি বাস্তবায়নের খসড়া স্কোর ৯৬.৭৪%।



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নিকট ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি হস্তান্তর করছেন সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী

## সুরক্ষা সেবা বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম

- মাদক নিয়ন্ত্রণকে আরো কঠোর ও যুগোপযোগী করার লক্ষ্যে নূতন করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর খসড়া চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
- সরকারি চাকরিতে প্রবেশের ক্ষেত্রে মাদক সনাক্তকরণ সংক্রান্ত ডোপ টেস্ট অন্তর্ভুক্ত করার বিষয়ে সরকারের নীতিগত অনুমোদন গ্রহণ করা হয়েছে।
- মাদকের বিরুদ্ধে সমন্বিত কার্যক্রমের অংশ হিসেবে গত ১৯ জানুয়ারি ২০১৭ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগে, ২৮ জানুয়ারি ২০১৮ তারিখে তথ্য মন্ত্রণালয়ে এবং ১৩ মার্চ ২০১৮ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে সুরক্ষা সেবা বিভাগের উদ্যোগে সকল অংশীজনের সমন্বয়ে আন্তঃমন্ত্রণালয় সভা করা হয়েছে। উক্ত সভাসমূহে গৃহীত উল্লেখযোগ্য কয়েকটি সিদ্ধান্ত নিম্নরূপ :
  - সিভিল সার্জন এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণকে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহ পরিদর্শনের নির্দেশনা প্রদান; জেলা পর্যায়ের সরকারি হাসপাতালসমূহে মাদকাসক্তদের জন্য চিকিৎসা সুবিধাসহ ১০টি শয্যা সংরক্ষিত রাখার ব্যবস্থা করা;
  - ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া এবং জেলা পর্যায়ে তথ্য অফিসের সহায়তায় মাদকবিরোধী ব্যাপক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;
  - স্কুল পর্যায়ের শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকে মাদকবিরোধী পাঠ্য বিষয় ও উপকরণ অন্তর্ভুক্তকরণ; স্কুল ও কলেজের শিক্ষক প্রশিক্ষণে মাদকবিরোধী মডিউল সন্নিবেশকরণ; এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠনপূর্বক সক্রিয় করা।



কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে ৫০ থেকে ১০০ শয্যায় উন্নীতকরণের উদ্বোধন করেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি।

- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা ব্যাপকভাবে বৃদ্ধির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনামতে প্রতিটি উপজেলায় ফায়ার স্টেশন স্থাপন করা হচ্ছে। সময়ের সাথে তাল মিলিয়ে অত্যাধুনিক রেসকিউ ইকুইপমেন্ট সংযোজন করা হয়েছে, প্রশিক্ষিত জনবলের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে এবং বিশেষায়িত ইউনিট গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে।



বহুতল ভবনে অগ্নি নির্বাপণ ও উদ্ধার কাজ পরিচালনা করছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

- কারাগারকে সংশোধনাগারে রূপান্তরের লক্ষ্যে বিদ্যমান কারা আইন সংস্কার করে 'Prisons and Correctional Services Act' নামে নূতন আইন প্রণয়নের লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগ যৌথভাবে কাজ করছে।
- কারাবন্দিগণ কর্তৃক উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট কারাবন্দির মুক্তির সময় তাকে প্রদানের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



বৃত্তিমূলক কাজে নিয়োজিত কারাবন্দীরা



স্বজনের সঙ্গে আলাপরত একজন কারাবন্দী

- কারাবন্দীদেরকে নির্দিষ্ট সময় অন্তর তাদের পরিবারবর্গের সাথে ফোনে কথা বলার সুযোগ প্রদানের লক্ষ্যে গত ২৮ মার্চ ২০১৮ তারিখে টাঙ্গাইল জেলা কারাগারে 'প্রিজন লিংক' শীর্ষক কর্মসূচি চালু করা হয়েছে।

- বাংলাদেশী পাসপোর্টের মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে উন্নত প্রযুক্তি সম্পন্ন ই-পাসপোর্ট এবং ই-গেট প্রবর্তনের লক্ষ্যে গৃহীত প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। সার্বিকভাবে পাসপোর্ট সেবার মান বৃদ্ধির লক্ষ্যে অনলাইনে পাসপোর্ট আবেদন গ্রহণ, এসএমএস এর মাধ্যমে ট্র্যাকিংসহ নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রতি বছর পাসপোর্ট সেবা সপ্তাহ উদযাপনের মাধ্যমে জনসাধারণকে এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা হচ্ছে।




## সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্প

### চলমান ১৭টি প্রকল্পের তালিকা

১. পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন শীর্ষক প্রকল্প (৫৩২.৩৯ কোটি টাকা)

২. দেশের গুরুত্বপূর্ণ ২৫টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত) (১৬১.১৭ কোটি টাকা)

৩. দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন উপজেলা/ স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত) (১২৫৭.৯৯ কোটি টাকা)

৪. ৪০ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট এয়ার ব্রিদিং এবং গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং গ্যালারী এবং ঘাটতি ফায়ার ফাইটিং রেসকিউ সরঞ্জাম সংগ্রহ (৫৪.৩৫ কোটি টাকা)

৫. মডার্নাইজেশন অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স (২২৬.৫৯ কোটি টাকা)

৬. ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত) (৪৬৪.৭৯ কোটি টাকা)

৭. খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) (২৫১.০২ কোটি টাকা)

৮. ইমপ্রুভমেন্ট অব দি রিয়াল সিচুয়েশন অব ওভার ক্রাউডিং ইন প্রিজন্স ইন বাংলাদেশ (১ম সংশোধিত) (২৬০.৬৪ কোটি টাকা)

৯. কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ (৭৩.৪২ কোটি টাকা)

১০. ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (১২৭.৬০ কোটি টাকা)

১১. মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ (৯৩.৯৬ কোটি টাকা)

১২. কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) (৩২.০০ কোটি টাকা)

১৩. পাসপোর্ট তথ্য সংরক্ষণ কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত) (৪৪.৯৮ কোটি টাকা)

১৪. ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ (১০৯.৭৬ কোটি টাকা)

১৫. Implementation of E-Passport and Automated Border Control Management in Bangladesh (৪৬৩৫.৯০ কোটি টাকা)

১৬. ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ (৮৭.০০ কোটি টাকা)

১৭. The Project for Illicit Drug Eradication and Advanced Management through IT (I DREAM it) (৩৭.২০ কোটি টাকা)